# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

**নগর ভবন**

প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২২ তম কর্পোরেশন সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ ওসমান গণি<br>মাননীয় প্যানেল মেয়র<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| তারিখ | : | ১৭ ফাল্গুন ১৪২৪<br>০১ মার্চ, ২০১৮ |
| সময় | : | সকাল ১০.০০ টা |
| স্থান | : | নগর ভবন, সেন্টার পয়েন্ট (লেভেল-৮), প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা |

**সভায় উপস্থিত কাউন্সিলরদের তালিকা পরিশিষ্ট "ক"**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি প্রধান নির্বাহী কর্মকর্তা'কে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। প্রধান নির্বাহী কর্মকর্তা সভার সভাপতি, সম্মানিত কাউন্সিলরবৃন্দ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উপস্থিত কর্মকর্তাগণ'কে শুভেচ্ছা জানিয়ে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করেন। এজেন্ডা ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

২.০ আলেচনা ও সিদ্ধান্তঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১. | বিগত ১১/১২/২০১৭ তারিখ অনুষ্ঠিত ২১তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ প্রসঙ্গে | প্রধান নির্বাহী কর্মকর্তা গত ১১/১২/২০১৭ তারিখ অনুষ্ঠিত ২১তম সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষ্যে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানান।<br>কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ২১তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণে উপস্থিত সকলে ঐক্যমত্য পোষণ করেন। | সর্বসম্মতিক্রমে ২১তম কর্পোরেশন সভার কার্যবিবরণীর দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২. | ২১তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি | ২১তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করা হয়। | ১। ২১তম কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | • বিভাগীয় প্রধান (সকল)<br>• আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ০৩. | ডিএনসিসি'র স্থায়ী কমিটি পুনঃগঠন সম্পর্কিত আলোচনা | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২য় কর্পোরেশন সভার ক্রমিক নং-"খ-১" এর সিদ্ধান্ত মোতাবেক ১৩/০৭/২০১৫ তারিখ ৪৬.২০৭.০১৮.১৮.০০.৮৩৮.২০১৫-৭৫৫ সংখ্যক স্মারকে ১(এক)টি স্থায়ী কমিটি (অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি) গঠন করা হয়। অতঃপর ৪র্থ কর্পোরেশন সভার ক্রমিক নং-"ঘ" এর সিদ্ধান্ত মতে গত ১৭/১১/২০১৫ তারিখ ৪৬.২০৭.০০৬.০৩.০০.২৪৩৮.২০১৫ সংখ্যক স্মারকে আরও ১৫(পনের)টি স্থায়ী কমিটি গঠন করা হয়। পরবর্তীতে গত ১৯/১২/২০১৬ তারিখ ৪৬.২০৭.০১৮.১৮.০০.২৪৮.২০১৬-২০৫৯ সংখ্যক স্মারকে জননিরাপত্তা সংক্রান্ত একটি স্থায়ী কমিটি গঠন করা হয়।<br>উল্লেখ্য যে, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর বিধি ৫০(১) এ "কর্পোরেশনের প্রত্যেক বৎসর উহার প্রথম সভায় অথবা যথাশীঘ্র সম্ভব, তৎপরবর্তী কোন সভায় নিম্ন বর্ণিত বিষয়াদির প্রত্যেকটি সম্পর্কে একটি করিয়া স্থায়ী কমিটি গঠন করিবে যাহার মেয়াদ দুই বৎসর ছয় মাস হইবে এবং দুই বৎসর ছয় মাস পর নতুন করিয়া কমিটি গঠন করিতে হইবে" মর্মে বিধান রয়েছে।<br>স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর বিধি ৫০(১) অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক গঠিত স্থায়ী কমিটির দুই বৎসর ছয় মাস মেয়াদ পূর্তির তারিখ নিম্নবর্ণিত ছকের ক্রমিক নং-৪ এ উল্লেখ করা হলো। | জননিরাপত্তা সংক্রান্ত স্থায়ী কমিটি ব্যতীত অবশিষ্ট ১৬ (ষোল)টি স্থায়ী কমিটি আগামী কর্পোরেশন সভায় পুনঃগঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | • সচিব |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><th>ক্রম</th><th>গঠিত কমিটি</th><th>কমিটি গঠনের তারিখ</th><th>অফিস আদেশের তারিখ অনুযায়ী কমিটির মেয়াদ উত্তীর্ণের তারিখ</th></tr>
<tr><td>০১</td><td>০২</td><td>০৩</td><td>০৪</td></tr>
<tr><td>০১</td><td>অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি</td><td>১৩/০৭/২০১৫</td><td>১২/০১/২০১৮</td></tr>
<tr><td>০২</td><td>বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি</td><td>১৭/১১/২০১৫</td><td>১৬/০৫/২০১৮</td></tr>
<tr><td>০৩</td><td>শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য রক্ষা ব্যবস্থাপনা কমিটি</td><td>১৭/১১/২০১৫</td><td>১৬/০৫/২০১৮</td></tr>
<tr><td>০৪</td><td>নগর পরিকল্পনা ও উন্নয়ন কমিটি</td><td>১৭/১১/২০১৫</td><td>১৬/০৫/২০১৮</td></tr>
<tr><td>০৫</td><td>হিসাব নিরীক্ষা ও রক্ষণ স্থায়ী কমিটি</td><td>১৭/১১/২০১৫</td><td>১৬/০৫/২০১৮</td></tr>
<tr><td>০৬</td><td>নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ স্থায়ী কমিটি</td><td>১৭/১১/২০১৫</td><td>১৬/০৫/২০১৮</td></tr>
<tr><td>০৭</td><td>পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটি</td><td>১৭/১১/২০১৫</td><td>১৬/০৫/২০১৮</td></tr>
<tr><td>০৮</td><td>সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার স্থায়ী কমিটি</td><td>১৭/১১/২০১৫</td><td>১৬/০৫/২০১৮</td></tr>
<tr><td>০৯</td><td>পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটি</td><td>১৭/১১/২০১৫</td><td>১৬/০৫/২০১৮</td></tr>
<tr><td>১০</td><td>ক্রীড়া ও সাংস্কৃতিক স্থায়ী কমিটি</td><td>১৭/১১/২০১৫</td><td>১৬/০৫/২০১৮</td></tr>
<tr><td>১১</td><td>জন্ম-মৃত্যু নিবন্ধন স্থায়ী কমিটি</td><td>১৭/১১/২০১৫</td><td>১৬/০৫/২০১৮</td></tr>
<tr><td>১২</td><td>যোগাযোগ স্থায়ী কমিটি</td><td>১৭/১১/২০১৫</td><td>১৬/০৫/২০১৮</td></tr>
<tr><td>১৩</td><td>বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ স্থায়ী কমিটি</td><td>১৭/১১/২০১৫</td><td>১৬/০৫/২০১৮</td></tr>
<tr><td>১৪</td><td>দূর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী কমিটি</td><td>১৭/১১/২০১৫</td><td>১৬/০৫/২০১৮</td></tr>
<tr><td>১৫</td><td>জলাবদ্ধতা স্থায়ী কমিটি</td><td>১৭/১১/২০১৫</td><td>১৬/০৫/২০১৮</td></tr>
<tr><td>১৬</td><td>মশক নিয়ন্ত্রণ স্থায়ী কমিটি</td><td>১৭/১১/২০১৫</td><td>১৬/০৫/২০১৮</td></tr>
<tr><td>১৭</td><td>জননিরাপত্তা সংক্রান্ত স্থায়ী কমিটি</td><td>১৯/১২/২০১৬</td><td>১৮/০৬/২০১৯</td></tr>
</table>
স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর বিধি ৫০(১) অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক গঠিত স্থায়ী কমিটির মধ্যে একটি কমিটির মেয়াদ শেষ এবং অপর ১৫টি কমিটির মেয়াদ পূর্তির তারিখ আসন্ন বিধায় স্থায়ী কমিটি পুনঃগঠন করা প্রয়োজন।
ওয়ার্ড-৭ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ মোবাশ্বের চৌধুরী স্থায়ী কমিটির সভাপতি পরিবর্তনের কথা উল্লেখ করে বলেন যে, যার পূর্বে দায়িত্ব পালন করেন নাই তাদেরকে দায়িত্ব প্রদান করা যায়।
এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে জননিরাপত্তা সংক্রান্ত স্থায়ী কমিটির মেয়াদ ১৮/০৬/২০১৯ তারিখ পর্যন্ত বিদ্যমান রয়েছে বিধায় জননিরাপত্তা সংক্রান্ত স্থায়ী কমিটি ব্যতীত অবশিষ্ট ১৬ (ষোল) টি স্থায়ী কমিটি আগামী কর্পোরেশন সভায় পুনঃগঠন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর এ বিষয়ে একমত পোষণ করেন।
</td><td></td><td></td></tr>
<tr><td>০৪.</td><td>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের “অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি”র</td><td> প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের “অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি”র ১০/০১/২০১৮ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত/সুপারিশ করা হয়েছেঃ </td><td>১। যে সকল পরিচ্ছন্ন কর্মীরা নিয়মিত কাজে কাজ করে না তাদের তালিকা প্রণয়ন পূর্বক</td><td>• সম্মানিত কাউন্সিলর (সকল)<br>• প্রধান বর্জ্য</td></tr>
</table>

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | ১০/০১/২০১৮ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন | ক) প্রকৌশল ও বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে বাজেট বরাদ্দের অতিরিক্ত টাকার উন্নয়নমূলক কাজের টেন্ডার করার বিষয়ে প্রধান প্রকৌশলী ও প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তার নিকট ব্যাখ্যা চাওয়া যেতে পারে।<br>খ) রাজস্ব বিভাগের আয় বৃদ্ধির জন্য মাইক্রোবাস ও মোটর সাইকেল বরাদ্দ দিতে হবে। পূর্বের ধারাবাহিকতায় আঞ্চলিক পর্যায়ে কাউন্সিলরদের সহায়তা নিয়ে রাজস্ব আয় বৃদ্ধি করতে হবে।<br>গ) চলমান কোন উন্নয়ন কার্যক্রম স্থগিত বা স্থবির করা যাবে না। যথাযথ প্রক্রিয়ায় চলমান কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>ঘ) ঋণ সুবিধার মেয়াদ শেষ হওয়ার পরও কোন কোন হোল্ডিং মালিক নানা অজুহাতে মামলা দায়ের করে কম কর পরিশোধ করছেন অথবা কর পরিশোধ থেকে বিরত থাকছেন। এ জাতীয় বিষয়গুলো দ্রুত আইনী প্রক্রিয়ায় সমাধান করে রাজস্ব আয় বৃদ্ধি করতে হবে।<br>ঙ) ৫৯ বছরের কম বয়সী কর্মে অক্ষম স্কেলভূক্ত মাস্টাররোল কর্মীদের আর্থিক সুবিধা প্রদানের বিষয়ে আরো বিশদ আলোচনা ও পরীক্ষা-নীরিক্ষা পূর্বক পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।<br><br>উন্নয়ন কার্যক্রম বেগবান করার জন্য ডিএনসিসি'র অধিক্ষেত্রে অলিতে গলিতে যে সকল ঠিকাদার কাজ ফেলে রেখেছেন তাদের তালিকা প্রস্তুত করার কার্যক্রম চলমান রয়েছে। অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সুপারিশের ভিত্তিতে তাদেরকে প্রয়োজনে অর্থ দন্ড প্রদান করা হবে মর্মে প্রধান নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন।<br>১১ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব দেওয়ান আব্দুল মান্নান বলেন, পরিচ্ছন্ন কাজে যারা নিয়োজিত রয়েছেন তাদের মধ্যে অর্ধেক লোক কাজে আসেন না এবং তাদের পরিবর্তে অন্য লোক দিয়ে কাজ করানো হচ্ছে। যারা কাজে আসে না তাদের পরিবর্তে নতুন লোক নিয়োগ দেয়া প্রয়োজন। নতুন লোক নিয়োগের ক্ষেত্রে যে ওয়ার্ডে লোক দরকার সেই ওয়ার্ডের বাসিন্দা নিয়োগ দেয়ারও অনুরোধ জানান।<br>৩২ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব হাবিবুর রহমান বলেন, যে সকল পরিচ্ছন্ন কর্মী অবসর গ্রহণ করছে তাদের পরিবর্তে আরো কিছু নতুন পরিচ্ছন্ন কর্মী নিয়োগ করা প্রয়োজন। তিনি পরিচ্ছন্ন কর্মী নিয়োগের ক্ষেত্রে কাউন্সিলরদের সম্পৃক্ত করার অনুরোধ জানান।<br>সভাপতি, যে সকল পরিচ্ছন্ন কর্মীরা কাজ করে না তাদের তালিকা প্রদান করার জন্য সম্মানিত কাউন্সিলরদের অনুরোধ জানান। যে সকল ওয়ার্ডের পরিচ্ছন্ন কর্মী অবসরে যাচ্ছে, জনবল নিয়োগ করে সে সকল ওয়ার্ডেই পদায়নের ব্যবস্থা গ্রহণ এবং নিয়োগ কার্যক্রম সম্পর্কে সকল কাউন্সিলরকে অবহিত করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন। | মাননীয় প্যানেল মেয়র বরাবর প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। পরিচ্ছন্ন কর্মী নিয়োগের ক্ষেত্রে কাউন্সিররবৃন্দ'কে অবহিত করতে হবে।<br><br>৩। অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ০৫. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নতা কর্মে শ্রমিক নিয়োগ ও ব্যবস্থাপনা নির্দেশিকা বিষয়ে বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নতা কর্মে শ্রমিক নিয়োগ ও ব্যবস্থাপনা নির্দেশিকা বিষয়ে বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণের সমন্বয়ে অনুষ্ঠিত ১০/০১/২০১৮ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মতে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক প্রণীত **"পরিচ্ছন্নতা কর্মী নিয়োগ ও ব্যবস্থাপনা নির্দেশিকা"** সভায় উপস্থাপন করবেন। | পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ● সচিব |
| ০৬. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন মার্কেট উপ আইন, ২০১৮ এর খসড়া উপস্থাপন | প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মার্কেট উপ আইন, ২০১৮ এর খসড়া সভায় উপস্থাপন করবেন।<br><br>তিনি বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মার্কেট উপ আইন, ২০১৮ কর্পোরেশন সভার সিদ্ধান্ত নিয়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিলো। তিনি বলেন, স্থানীয় সরকার বিভাগ ডিএনসিসি কর্তক প্রণীত মার্কেট উপ-আইনকে রোল মডেল হিসেবে ধরে সারা বাংলাদেশে সকল সিটি কর্পোরেশনের জন্য অভিন্ন মার্কেট আইন তৈরীর কার্যক্রম গ্রহণ করছে। মন্ত্রণালয়ের সুপারিশ মোতাবেক সংশোধিত মার্কেট উপ-আইন, ২০১৮ এর খসড়া সভায় উপস্থাপন করা হয়, যা এ সংঙ্গে যুক্ত করা হলো (পরিশ্লিষ্ট-ক)। | মন্ত্রণালয়ের চাহিদা মতে প্রয়োজনীয় সংশোধন পূর্বক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মার্কেট উপ আইন, ২০১৮ স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। | ● প্রধান রাজস্ব কর্মকর্তা |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকা</th></tr>
<tr><td></td><td></td><td>মন্ত্রণালয়ের চাহিদা মতে প্রয়োজনীয় সংশোধন পূর্বক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মার্কেট উপ আইন, ২০১৮ স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার বিষয় সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।</td><td></td><td></td></tr>
<tr><td>০৭.</td><td>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের "কবরস্থান সমূহের নীতিমালা-২০১৮" এর খসড়া অনুমোদন</td><td>প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা "কবরস্থান সমূহের নীতিমালা-২০১৮" অনুমোদনের নিমিত্ত প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় বিস্তারিত তথ্য উপস্থাপন করেন (প্রস্তাবিত নীতিমালা সংযুক্ত, পরিশিষ্ট-খ)।<br>ওয়ার্ড-৩৩ এর সম্মানিত কাউন্সিলর জনাব তারেকুজ্জামান রাজিব কবর সংরক্ষণ ফি কমানোর অনুরোধ জানান। তিনি কাউন্সিলরদের জন্য সহজ শর্তে কবরের জায়গা বরাদ্দ প্রদানেরও অনুরোধ জানান।<br>সভাপতি বলেন, স্থায়ী কবর নেয়ার বিষয়ে সকলকে নিরুৎসাহিত করার জন্যই এই রেট নির্ধারণ করা হয়েছে।<br>উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর "কবরস্থান সমূহের নীতিমালা-২০১৮" অনুমোদনের বিষয়ে ঐক্যমত্য পোষণ করেন।</td><td>"কবরস্থান সমূহের নীতিমালা-২০১৮" অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>• প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>০৮.</td><td>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের "DNCC Academy of Music and Fine Arts (DAMFA) নীতিমালা-২০১৮" এর অনুমোদন</td><td>প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা "DNCC Academy of Music and Fine Arts (DAMFA) নীতিমালা-২০১৮" অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করেন (প্রস্তাবিত নীতিমালা সংযুক্ত, পরিশিষ্ট-গ)।<br>এ বিষয়ে বিস্তারিত তথ্য প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থাপন করবেন।<br>সংরক্ষিত আসন-১ এর সম্মানিত কাউন্সিলর শাহনাজ বেগম উত্তরায় একটি সংগীত শিক্ষা কেন্দ্র চালু করার অনুরোধ জানান।<br>উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর "DNCC Academy of Music and Fine Arts (DAMFA) নীতিমালা-২০১৮" অনুমোদনের বিষয়ে ঐক্যমত্য পোষণ করেন।</td><td>"DNCC Academy of Music and Fine Arts (DAMFA) নীতিমালা-২০১৮" অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>• প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>০৯.</td><td>ব্যক্তি মালিকানাধীন রাস্তার জমি কর্পোরেশন বরাবর হস্তান্তর সংক্রান্ত।</td><td>(১) ডিএনসিসি'র আওতাধীন এলাকার মধ্যে অঞ্চল-১ এর খিলক্ষেত উত্তর-পূর্ব মধ্যপাড়া কুর্মিটোলা হাইস্কুল সংলগ্ন ওমর কাজীর বাড়ী (ক-১৫৪/২) হতে নূরউদ্দিন সাহেবের বাড়ী (১৫২/খ) পর্যন্ত ব্যক্তি মালিকানাধীন রাস্তার ভূমি কর্পোরেশন বরাবর হস্তান্তরের জন্য আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থাপন করা হলো। প্রস্তাবিত হস্তান্তরিত রাস্তার ভূমির বিবরণ নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্রম</th><th>হস্তান্তরকারীর নাম ও ঠিকানা</th><th>মৌজার নাম</th><th>সিটি জরিপ দাগ নং</th><th>হস্তান্তরিত ভূমির পরিমান (দৈর্ঘ x প্রস্থ)</th><th>বর্গ ফুট</th></tr>
<tr><td>০১</td><td>হাজী হাছেন আলী, ক-১৫৩-খও</td><td>জোয়ার সাহারা</td><td>১২৫০১</td><td>৯৮´ x ১০´</td><td>৯৮০</td></tr>
<tr><td>০২</td><td>আব্দুল মোতালিব, ক-১৫৪, খিলক্ষেত</td><td rowspan="4">জোয়ার সাহারা</td><td rowspan="4">১২১১২</td><td rowspan="4">১৫০´ x ৬´</td><td rowspan="4">৯০০</td></tr>
<tr><td>০৩</td><td>আতিক উল্লাহ, ক-১৫৪, খিলক্ষেত</td></tr>
<tr><td>০৪</td><td>ওয়ালিউল্লাহ, ক-১৫৪, খিলক্ষেত</td></tr>
<tr><td>০৫</td><td>মোহাম্মদ আলাউদ্দিন, ক-১৫৪, খিলক্ষেত</td></tr>
<tr><td colspan="5">সর্বমোট</td><td>১৮৮০</td></tr>
</table>
আবেদনকারীগনের বর্ণিত আবেদন এবং ৩০০/- টাকা নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে প্রস্তাবিত রাস্তার দৈর্ঘ ও প্রস্থ সরেজমিন তদন্তে সঠিক পাওয়া গেছে।<br>(২) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নং- ২২ এর আওতাধীন ওয়াপদা রোডস্থিত ঝিলকানন আবাসিক এলাকার ব্যক্তি মালিকানাধীন ভূমিতে রাস্তা নির্মাণ/ উন্নয়নের লক্ষ্যে বর্ণিত ভূমির মালিকানা ঢাকা উত্তর</td><td>১। ডিএনসিসি'র আওতাধীন এলাকার মধ্যে অঞ্চল-১ এর খিলক্ষেত উত্তর-পূর্ব মধ্যপাড়া কুর্মিটোলা হাইস্কুল সংলগ্ন ওমর কাজীর বাড়ী (ক-১৫৪/২) হতে নূরউদ্দিন সাহেবের বাড়ী (১৫২/খ) পর্যন্ত ব্যক্তি মালিকানাধীন রাস্তার ভূমি ডিএনসিসি বরাবর হস্তান্তরের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>২। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নং-২২ এর আওতাধীন ওয়াপদা রোডস্থিত ঝিলকানন আবাসিক এলাকার ব্যক্তি মালিকানাধীন ভূমিতে রাস্তাটি ডিএনসিসি বরাবর হস্তান্তরের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।</td><td>• প্রধান সম্পত্তি কর্মকর্তা</td></tr>
</table>

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সিটি কর্পোরেশনের অনুকূলে হস্তান্তর সংক্রান্ত। হস্তান্তরিত ভূমির তফসিল- মৌজা- পশ্চিম উলন, সিটি জরিপ দাগ নং- ৪৮৫৭, ১৪৪৪, ১৪৩৩ এর কাতে প্রস্থে ১২ ফুট এবং দৈর্ঘ্যে প্রায়- ২২৫ ফুট বা মোট ২৭২৪ বর্গফুট ভূমি। আবেদনকারীর দাখিলকৃত দালিলিক পত্রাদি যাচাইয়ান্তে সঠিক পাওয়া যায়<br>(১) ডিএনসিসি'র আওতাধীন এলাকার মধ্যে অঞ্চল-১ এর খিলক্ষেত উত্তর-পূর্ব মধ্যপাড়া কুর্মিটোলা হাইস্কুল সংলগ্ন ওমর কাজীর বাড়ী (ক-১৫৪/২) হতে নূরউদ্দিন সাহেবের বাড়ী (১৫২/খ) পর্যন্ত ব্যক্তি মালিকানাধীন রাস্তার ভূমি এবং (২) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নং- ২২ এর আওতাধীন ওয়াপদা রোডস্থিত ঝিলকানন আবাসিক এলাকার ব্যক্তি মালিকানাধীন ভূমিতে রাস্তাটি ডিএনসিসি বরাবর হস্তান্তরের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার বিষয়ে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ঐক্যমত্য পোষণ করেন। | | |
| ১০. | জামানত তহবিল, রাস্তা খনন তহবিল ও অন্যান্য তহবিলের (প্রভিডেন্ট ফান্ড ও শিক্ষা বৃত্তি তহবিল ব্যতীত) অর্থ হতে বিনিয়োগকৃত এফডিআর এর অর্জিত সুদ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিলে স্থানান্তর | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা জানান যে, <u>(ক) জামানত তহবিলঃ</u> বিল পরিশোধ কালে ঠিকাদারদের বিল থেকে জামানত বাবদ অর্থ কর্তন করে জামানত তহবিলে জমা রাখা হয়। পরবর্তীতে মেয়াদ শেষে উক্ত অর্থ ঠিকাদারদের অনুকূলে পরিশোধ করা হয়ে থাকে। একাউন্টে জমাকৃত অর্থ এবং এফডিআর কৃত অর্থের উপর সুদ অর্জিত হয়- যা ঠিকাদারদের অনুকূলে পরিশোধ করার সুযোগ নেই। উক্ত তহবিলে অর্জিত সুদ এবং এফডিআর এর উপর অর্জিত সুদ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিলে স্থানান্তর করা প্রয়োজন।<br><br><u>(খ) রাস্তা খনন তহবলঃ</u> ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের এলাকার মধ্যে কোন সংস্থা/ব্যক্তি কর্তৃক রাস্তা খনন করে কার্যসম্পাদন করলে রাস্তা খনন বাবদ নির্ধারিত ফি ও সার্ভিসচার্জ রাস্তা খনন তহবিলে জমা হয়। পরবর্তীতে উক্ত জমাকৃত অর্থ থেকে রাস্তা খনন কাজের বিল ঠিকাদারদের অনুকূলে পরিশোধ করা হয়ে থাকে। জমাকৃত অর্থের উপর আরোপিত সুদ এবং এই তহবিল থেকে কৃত এফডিআর এর সুদ ঠিকাদারদের অনুকূলে পরিশোধ করার সুযোগ নেই। উক্ত তহবিলে অর্জিত সুদ এবং এফডিআর এর উপর অর্জিত সুদ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিলে স্থানান্তর করা প্রয়োজন।<br><br>জামানত তহবিলে জমাকৃত অর্থ ও এফডিআরকৃত অর্থের উপর অর্জিত সুদ এবং রাস্তা খনন তহবিলে অর্জিত সুদ ও এফডিআর এর উপর অর্জিত সুদ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিলে স্থানান্তর করার বিষয়ে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ঐক্যমত্য পোষণ করেন। | ১। জামানত তহবিলে জমাকৃত অর্থ ও এফডিআরকৃত অর্থের উপর অর্জিত সুদ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিলে স্থানান্তর করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>২। রাস্তা খনন তহবিলে অর্জিত সুদ ও এফডিআর এর উপর অর্জিত সুদ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিলে স্থানান্তর করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | • প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা |
| ১১. | মিরপুর সেকশন-১১ মিরপুর বাংলা স্কুল উচ্চ বিদ্যালয় সম্মুখে এবং বেগম রোকেয়া স্মরনীর শেওড়াপাড়া এলাকার ফুটওভার ব্রীজ ২টি অপসারন করে কালশী রোডে এবং মিরপুর-১৪ নং কচুক্ষেত সড়কের তামান্না কমপ্লেক্স সংলগ্ন এলাকায় স্থাপন প্রসঙ্গে। | মিরপুর সেকশন-১২ থেকে আগারগাঁও বরাবর সরকারের অগ্রাধিকারযুক্ত প্রকল্প এমআরটি লাইন-৬ প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। উক্ত প্রকল্পের এলাইনমেন্ট বরাবর মিরপুর সেকশন-১১ মিরপুর বাংলা উচ্চ বিদ্যালয় সম্মুখে এবং বেগম রোকেয়া স্মরনীর শেওড়াপাড়া এলাকার ২টি ফুটওভারব্রীজ রয়েছে। উক্ত প্রকল্পটি বাস্তবায়নের স্বার্থে ফুটওভার ব্রীজ ২টি অপসারন করা জরুরী। বিষয়টি সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে উক্ত ফুটওভার ব্রীজ দুটির ক্ষতিপূরন বাবদ ডিএনসিসি'র চাহিদা মোতাবেক ৩,৭৩,০৩,৫২০/- (তিন কোটি তিয়াত্তর লক্ষ তিন হাজার পাঁচ শত বিশ) টাকা ডিএমআরটি কর্তৃপক্ষ কর্তৃক ইতোমধ্যে কর্পোরেশন তহবিলে জমা প্রদান করা হয়েছে। এমআরটি লাইন-৬ বাস্তবায়নের স্বার্থে ফুটওভার ব্রীজ ২টি দ্রুত অপসারন করতে হবে। অপসারন করে উক্ত ফুটওভার ব্রীজ দুইটি কালশী রোডে এবং মিরপুর-১৪ নং কচুক্ষেত সড়কের তামান্না কমপ্লেক্স সংলগ্ন এলাকায় স্থাপনের জন্য প্রাক্তন মেয়র মহোদয় তৎকালীন সময়ে মৌখিক নির্দেশনা প্রদান করেছেন। বিষয়টি নিয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা হয়েছে।<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, তেজগাঁও Impules হাসপাতালের সম্মুখের রাস্তায় Impules হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক ফুটওভারব্রীজ তৈরী করার প্রস্তাব করেছে। এতে ডিএনসিসি'র কোন অর্থ বরাদ্দ প্রদানের প্রয়োজন নেই। তিনি তেজগাঁও Impules হাসপাতালের সম্মুখের রাস্তায় Impules হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক ফুটওভারব্রীজ তৈরী বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানান। | ১। মিরপুর সেকশন-১১ মিরপুর বাংলা স্কুল এন্ড কলেজের সম্মুখে এবং বেগম রোকেয়া স্মরনীর শেওড়াপাড়া এলাকার ফুটওভার ব্রীজ ২টি অপসারন করে কালশী রোডে এবং মিরপুর-১৪ নং কচুক্ষেত সড়কের তামান্না কমপ্লেক্স সংলগ্ন এলাকায় স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। তেজগাঁও Impules হাসপাতালের সম্মুখে Impules হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক ফুটওভার ব্রীজ তৈরীর বিষয়টি অনুমোদন করা হয়।<br><br>৩। মিরপুর ১০ নম্বরের | • প্রধান প্রকৌশলী<br>• অতিরিক্ত প্রধান প্রকৌশলী |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকা |
|---|---|---|---|---|
| | | মিরপুর সেকশন-১১ মিরপুর বাংলা স্কুল এন্ড কলেজের সম্মুখে এবং বেগম রোকেয়া স্মরনীর শেওড়াপাড়া এলাকার ফুটওভার ব্রীজ ২টি অপসারন করে কালশী রোডে এবং মিরপুর-১৪ নং কচুক্ষেত সড়কের তামান্না কমপ্লেক্স সংলগ্ন এলাকায় স্থাপনের এবং তেজগাঁও Impules হাসপাতালের সম্মুখের রাস্তায় Impules হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক ফুটওভারব্রীজ তৈরীর অনুমোদনের বিষয়ে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ঐক্যমত্য পোষণ করেন।<br>ওয়ার্ড-৩ এর সম্মানিত কাউন্সিলর জনাব কাজী জহিরুল ইসলাম মানিক, মিরপুর ১০ নম্বরের পূর্বে গার্লস আইডিয়াল ল্যাবরেটরী স্কুল ও আদর্শ উচ্চ বিদ্যালয় এর সম্মুখে একটি ফুটওভার ব্রীজ স্থাপনের অনুরোধ জানান।<br>সংরক্ষিত আসন-৫ এর সম্মানিত কাউন্সিলর রাজিয়া সুলতানা ইতি বলেন, দারুস সালাম রোডে স্থাপিত ফুট ওভারব্রীজটি ব্যবহৃত হয় না। এই অব্যবহৃত ফুটওভার ব্রীজটি গাবতলী এস.এ খালেক পাম্পের পার্শ্বে মসজিদের সম্মুখে স্থাপনের অনুরোধ জানান। তিনি দারুস সালাম পার্ক রোডে স্কুলের সামনে রাস্তায় স্পীড ব্রেকার দেয়ারও অনুরোধ জানান।<br>সংরক্ষিত আসন-১ এর সম্মানিত কাউন্সিলর শাহানাজ পারভীন বলেন, উত্তরা ১২ এবং ১৩ নম্বর সেক্টরের মাঝখানে শাহমাখদুম রাস্তার স্পীড ব্রেকার রং করার জন্য অনুরোধ জানান।<br>মাননীয় প্যানেল মেয়র সদস্য জামাল মোস্তফা, নতুন ফুটওভারব্রীজ নির্মাণ ও স্পীড ব্রেকার দেয়ার এবং স্পীড ব্রেকার রং করার বিষয়ে তদন্ত পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অতিরিক্ত প্রধান প্রকৌশলী'কে অনুরোধ করেন। | পূর্বে গার্লস আইডিয়াল ল্যাবরেটরী স্কুল ও আদর্শ উচ্চ বিদ্যালয় এর সম্মুখে একটি ফুটওভার ব্রীজ স্থাপন, গাবতলী এস.এ খালেক পাম্পের পার্শ্বে মসজিদের সম্মুখে ফুটওভারব্রীজ স্থাপন, দারুস সালাম পার্ক রোডে স্কুলের সামনে রাস্তায় স্পীড ব্রেকার দেয়া এবং উত্তরা ১২ এবং ১৩ নম্বর সেক্টরের মাঝখানে শাহমাখদুম রাস্তার স্পীড ব্রেকার রং করার বিষয়ে তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ১২. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকার সকল ফুটওভারব্রীজ ও আন্ডারপাস ধোয়া মোছা, পরিস্কার পরিচ্ছন্ন ও মেরামতসহ রক্ষনাবেক্ষণ এবং বৈদ্যুতিক কাজসমূহ প্রসঙ্গে | দীর্ঘদিন যাবত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকার সকল ফুটওভারব্রীজ ও আন্ডারপাস ধোয়া মোছা, পরিস্কার পরিচ্ছন্ন ও মেরামতসহ রক্ষনাবেক্ষণ এবং বৈদ্যুতিক কাজসমূহ ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেল কর্তৃক করা হচ্ছে। বর্তমানে কাজের পরিধি/পরিমাণ বেশ বৃদ্ধি পাওয়ায় এবং ফুটওভার ব্রীজগুলি ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকায় অবস্থিত হওয়ায় স্বল্পসংখ্যক জনবলের তদারকিতে ধোয়া মোছার কাজটি সুষ্ঠভাবে কেন্দ্রীয় পর্যায়ে সম্পন্ন করা যাচ্ছে না। বিষয়টি আমলে নিয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় এবং সচিব মহোদয় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল ফুটওভারব্রীজ ও আন্ডারপাসের ধোয়া মোছা ও পরিস্কারের কাজটি ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক এবং মেরামতসহ রক্ষনাবেক্ষন ও বৈদ্যুতিক কাজ ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেল কর্তৃক করা যেতে পারে মর্মে জানান। | পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | • সচিব |
| ১৩. | সমন্বিত নগর কার্যক্রম (Integrated Urban Programme) পূর্ব নাম "আমরাও মানুষ" প্রকল্প এর কার্যক্রম জানুয়ারি/২০১৭ থেকে ডিসেম্বর ২০২১ পর্যন্ত বর্ধিত করার লক্ষ্যে কনসর্ন ওয়ার্ল্ড ওয়াইড, বাংলাদেশ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মধ্যে সমঝোতা চুক্তিপত্র (MOU) বিষয়ে অবহিত করণ | প্রধান সমাজকল্যান ও বস্তি উন্নয়ন কর্মকর্তা সমন্বিত নগর কার্যক্রম (Integrated Urban Programme) পূর্ব নাম "আমরাও মানুষ" প্রকল্প এর কার্যক্রম জানুয়ারি/২০১৭ থেকে ডিসেম্বর ২০২১ পর্যন্ত বর্ধিত করার লক্ষ্যে কনসর্ন ওয়ার্ল্ড ওয়াইড, বাংলাদেম ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মধ্যে সমঝোতা চুক্তিপত্র (MOU) বিষয়ে অবহিত করণ। | পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | • সচিব |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৪. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন থেকে একটি নিউজলেটার প্রকাশ | জনসংযোগ কর্মকর্তা জনানান যে, নগরবাসীর সাথে যোগাযোগ, বিভিন্ন বিষয়ে তথ্য প্রদান, সচেতনতা বৃদ্ধি, উদ্বুদ্ধকরন ও আগ্রহী করে গোড়ে তোলা, ডিএনসিসির ইতিবাচক ইমেজ গড়ে তোলা; ডিএনসিসি এবং নগরবাসীর মধ্যে সেতুবন্ধন গড়ে তোলার লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন থেকে নিউজলেটার প্রকাশ প্রয়োজন।<br>তিনি আরও বলেন, বাংলা ভাষায় রঙ্গিন কালিতে প্রকাশিত হবে, প্রতি ৪ মাস অন্তর প্রকাশিত; প্রাথমিকভাবে সার্কুলেশন সংখ্যা ২ লাখ ৫০ হাজার যা বুকপোস্টের মাধ্যমে নগরবাসীর মাঝে বিতরন করা হবে।<br>কন্টেন্ট: মেয়রের বাণী, বিভিন্ন বিভাগের সংবাদ, বিভিন্ন বিষয়ে টিপস; বিশেষজ্ঞ কলাম; বিভিন্ন ইভেন্টের ঘোষণা; পাঠক কর্ণার; বিভিন্নসচেতনতামূলক স্লোগান; কমিউনিটি সংবাদ; দুর্যোগ ঝুকি হ্রাস ইত্যাদি।<br>প্রস্তাবিত নিউটলেটারটি প্রতি সংখ্যা প্রকাশে মোট ১৯ লাখ ৫০ হাজার (আনুমানিক) টাকা (প্রিন্টিং ১৪ লাখ + বিতরন ৫ লাখ + অন্যান্য ৫০ হাজার) খরচ হবে। তবে পৃষ্ঠার সংখ্যা ও সার্কুলেশন সংখ্যা বাড়লে খরচের পরিমান বাড়তে পারে।<br>সিডস এশিয়া প্রথম দুই সংখ্যার প্রিন্টিং খরচ বহন করবে। অবশিষ্ট খরচ ডিএনসিসি বহন করবে। পরবর্তীতে সব ধরনের খরচ ডিএনসিসি বহন করবে।<br>ডিএনসিসির; বিজ্ঞাপন ও প্রচার' খাত থেকে নিউজলেটার প্রকাশ সংক্রান্ত যাবতীয় খরচ বহন করা হবে।<br>এ বিষয়ে গত ১২/০২/২০১৮ তারিখে প্রধান নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে একটি সভা হয় এবং উক্ত সভায় প্রধান নির্বাহী কর্মকর্তাকে সভাপতি করে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি পালিকেশন বোর্ড গঠন করার প্রস্তাব করা হয়। নিউজলেটারের সম্পাদক হিসেবে জনসংযোগ কর্মকর্তা কাজ করবেন।<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন থেকে একটি নিউজলেটার প্রকাশের বিষয়ে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ঐকমত্য পোষণ করেন। | ১। প্রধান নির্বাহী কর্মকর্তাকে সভাপতি করে ৪ (চার) সদস্য বিশিষ্ট একটি পালিকেশন বোর্ড গঠন করতে হবে। নিউজলেটারের সম্পাদক হিসেবে জনসংযোগ কর্মকর্তা কাজ করবেন।<br><br>২। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন থেকে একটি নিউজলেটার প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>• | • জনসংযোগ কর্মকর্তা |
| ১৫. | মশক নিধন কার্যক্রম জোরদার করার নিমিত্তে পর্যালোচনা এবং করনীয় নির্ধারণ | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা জানান যে, মশক নিধন কার্যক্রম জোরদার করার নিমিত্তে পর্যালোচনা এবং করনীয় নির্ধারণের লক্ষ্যে গত ২৫/০২/২০১৮ তারিখ প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ<br>১। ডিএনসিসি'র এলাকায় অবস্থিত ওয়াসার খাল ও অন্যান্য প্রতিষ্ঠানের জলাশয় পরিস্কার রাখার ব্যাপারে ব্যবস্থাপনা পরিচালক বরাবর পত্র প্রেরণ করা।<br>২। অঞ্চল-৩ হতে ০১ জন মশককর্মীসহ ০১ টি হুইল ব্যারো মেশিন ও প্রয়োজনীয় পরিমাণ লার্ভিসাইড ও এডাল্টিসাইড আগামী ১৫/০৩/২০১৮ তারিখ পর্যন্ত বনানী, গুলশান, নিকেতন ও বারিধারা সোসাইটিকে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। সহকারী স্বাস্থ্য কর্মকর্তা, অঞ্চল-৩ লার্ভিসাইড ও এডাল্টিসাইডের চাহিদা প্রধান ভান্ডার কর্মকর্তা বরাবর প্রেরণ পূর্বক সরবরাহ ও সংরক্ষেণের ব্যবস্থা করবেন।<br>৩। পরিবহন বিভাগ আগামী ০৩ (তিন) মাসের জন্য অঞ্চল-৩ এর অনুকুলে ২ (দুই) টি এবং অন্যান্য অঞ্চলে ০১ (এক) টি ডাবল কেবিন পিকআপ (পিছনে খোলা) সরবরাহ নিশ্চিত করবেন। এছাড়াও ইতোপূর্বে গৃহীত সিদ্ধান্তের আলোকে অঞ্চল ভিত্তিক স্বাস্থ্য শাখার বিপরীতে জরুরী ভিত্তিতে ০৫ (পাঁচ) টি মটর সাইকেল ক্রয় পূর্বক বরাদ্দের ব্যবস্থা করা।<br>৪। ওয়ার্ড পর্যায়ে স্টোরের দায়িত্ব প্রাপ্ত অধিকাংশ ওয়ার্ড সচিব/সম্মানিত কাউন্সিলর কর্তৃক মনোনীত ব্যক্তিগণ সঠিক সময়ে স্টোর খুলতে ব্যর্থ হওয়ায় মশক নিয়ন্ত্রণ কার্যক্রম দারুনভাবে ব্যাহত হয়। তৎপ্রেক্ষিতে স্টোর রুমের দায়িত্ব মশক সুপারভাইজার/দায়িত্বশীল মশককর্মীকে প্রদানের ব্যবস্থা গ্রহন করা। ওয়ার্ড ও অঞ্চল পর্যায়ে অবস্থিত খালি ড্রাম এবং মেরামত অযোগ্য নষ্ট মেশিনসমূহ দ্রুত সময়ের মধ্যে তালিকা প্রস্তুতপূর্বক প্রধান সম্পত্তি কর্মকর্তা বরাবর প্রয়োজনীয় ব্যবস্থা তথা নিষ্পত্তির ব্যবস্থা করা।<br>৫। স্বাস্থ্য বিভাগে ০১ (এক) টি হট লাইন চালুর ব্যবস্থা করা, যার মাধ্যমে | মশক নিধন কার্যক্রম জোরদার করার নিমিত্তে পর্যালোচনা এবং করনীয় নির্ধারণের লক্ষ্যে গত ২৫/০২/২০১৮ তারিখ প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সুপারিশ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | • প্রধান স্বাস্থ্য কর্মকর্তা<br>• আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকা |
|---|---|---|---|---|
| | | সম্মানিত নাগরিকগণ মশক নিধন কর্মকান্ডে সহায়তা গ্রহন করতে পারেন এবং একই সংগে কর্মকান্ডে গাফিলতি সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ উত্থাপন করতে পারেন। হট লাইন চালু সংক্রান্ত মোবাইল সেট, সিম ক্রয় ও মাসিক লাইন চার্জ বাবদ খরচ সংশ্লিষ্ট হিসাব বিভাগ কর্তৃক বহন করবে।<br>৬। ডিএনসিসি'র সম্প্রসারিত এলাকার অর্ন্তভূক্ত ওয়ার্ডসমূহে মশক নিধন কার্যক্রম চালুর লক্ষে স্বাস্থ্য বিভাগ কর্তৃক অগ্রীম কর্ম পরিকল্পনার প্রণয়ন গ্রহন করবে।<br>৭। স্ব-স্ব অঞ্চলের আওতাধীন জলাশয়গুলো যথাযথভাবে পরিস্কার ও নিয়মিত সার্ভিসিং ব্যাপারে কার্যকরী উদ্দ্যেগ গ্রহন করা।<br>৮। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ৪ ও ৫ আউট সোসিং এর মাধ্যমে ১৫/০৩/২০১৮ তারিখ পর্যন্ত দৈনিক মজুরী ভিত্তিতে যথাক্রমে ১৪ জন এবং ২০ জন জনবল নিয়োগের ব্যবস্থা গ্রহন করা।<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রে মশার উপদ্রব/মশার প্রজনন বৃদ্ধি রোধ কল্পে ডিএনসিসি'র করণীয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রধান স্বাস্থ্য কর্মকর্তা অনুরোধ জানান।<br>ওয়ার্ড-১ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ আফসার উদ্দিন খান বলেন, সময়মতো মশার ঔষধ পাওয়া যায় না। যার ফলে মশক নিধন কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। তাছাড়াও তার ওয়ার্ডে মশার ঔষধ ছিটানোর জন্য কোন পিকআপ বরাদ্দ প্রদান করা হয়নি।<br>ওয়ার্ড-১৭ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ জিন্নাত আলী বলেন, কোন ওয়ার্ডে মশার ঔষধ ছিটানোর মেশিন খারাপ হলে তা তাৎক্ষনিক স্বাস্থ্য বিভাগে প্রেরণ করা হলে মেশিন পরিবর্তন করে দেয়া হবে এবং প্রয়োজনীয় সংখ্যক মশক কর্মী নিয়োজিত করা হবে।<br>মশক নিধন কার্যক্রম জোরদার করার নিমিত্তে পর্যালোচনা এবং করনীয় নির্ধারণের লক্ষ্যে গত ২৫/০২/২০১৮ তারিখ প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সুপারিশ বাস্তবায়নের বিষয়ে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ঐক্যমত্য পোষণ করেন। | | |
| ১৬. | বিবিধ | ওয়ার্ড-১ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ আফসার উদ্দিন খান, ডিএনসিসি'র অধিক্ষেত্রে বিভিন্ন প্রজেক্টের মাধ্যমে চলমান উন্নয়ন প্রকল্পের তদারকির দায়িত্ব কাউন্সিলরদের প্রদান করার অনুরোধ জানান।<br>এ বিষয়ে ওয়ার্ড-১৭ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ জিন্নাত আলী একটি কমিটি গঠন করার অনুরোধ জানান। তিনি জমি অধিগ্রহণ করে প্রতিটি ওয়ার্ডে কবরস্থান, বাজার, কমিউনিটি সেন্টার, পার্ক, খেলারমাঠ তৈরী করার এবং ডিএনসিসি'র কর্মকর্তা কর্মচারীদের বাসস্থানের জন্য হাউজিং করারও অনুরোধ জানান।<br>সভাপতি জমি অধিগ্রহণ করে প্রতিটি ওয়ার্ডে কবরস্থান, বাজার, কমিউনিটি সেন্টার, পার্ক, খেলারমাঠ তৈরী করার নিমিত্ত ডিএনসিসি প্রতিটি ওয়ার্ডের উন্নয়ন প্রকল্প প্রণয়নের নির্দেশনা প্রদান করেন। | জমি অধিগ্রহণ করে প্রতিটি ওয়ার্ডে কবরস্থান, বাজার, কমিউনিটি সেন্টার, পার্ক, খেলারমাঠ তৈরী করার নিমিত্ত ডিএনসিসি প্রতিটি ওয়ার্ডের উন্নয়ন প্রকল্প প্রণয়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | • প্রধান প্রকৌশলী |

৩.০ সভাপতি, তাঁর সমাপনী বক্তব্যে ২২ তম কর্পোরেশন সভায় উত্থাপিত বিভিন্ন বিষয়ের উপর আলোকপাত করেন। তিনি ডিএনসিসি'র উন্নয়নমূলক কর্মকান্ডে সম্মানিত কাউন্সিলরবৃন্দের অংশীদারিত্বের প্রশংসা করেন এবং আগামীতে আরও জোরদার ভূমিকা অব্যাহত রাখার আহ্বান জানান।

৪.০ আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৮/০৪/২০১৮ খ্রিঃ
(মোঃ ওসমান গণি)
মাননীয় প্যানেল মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি
কর্পোরেশন সভা।

স্মারক নং-৪৬.১০.০০০০.০০৬.০৬.০০৪.১৫. ৩১৭১ তারিখঃ ১১/০৪/২০১৮খ্রি.

<u>অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ</u>

১) মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

১) সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ............/সংরক্ষিত আসন নং ..............।

২) বিভাগীয় প্রধান (সকল) ................................................................, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৩) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল .........., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৪) সিস্টেমস এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।

৫) মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৬) প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৭) সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, সাধারণ প্রশাসন শাখা ও প্রশিক্ষণ কোষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৮) অফিস কপি।

১০/৪/১৮

(রবীন্দ্রশ্রী বড়ুয়া)
সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।